



গাছতলায় ক্লাস করছে নবাবগঞ্জ মুহীয্যুদ্দীন ভূঞা উচ্চ বিদ্যালয়ের শিক্ষার্থীরা

ঝড়ে উড়ে গেছে চাল গাছতলায় ক্লাস

■ নবাবগঞ্জ (ঢাকা) প্রতিনিধি

ঢাকার নবাবগঞ্জ উপজেলার আওনা এম. মুহীয্যুদ্দীন ভূঞা উচ্চ বিদ্যালয়ের ৬ষ্ঠ ও ৭ম শ্রেণির শিক্ষার্থীদের গাছতলায় বসে পড়াশোনা করতে হচ্ছে। আকাশে মেঘ দেখলেই ছুটির ঘণ্টা বেজে ওঠে তাদের। গত ৫ মার্চ রাতের ঝড়ে স্কুলঘরটি বিধ্বস্ত হওয়ায় দুর্ভোগ পোহাচ্ছে ১১৯ শিক্ষার্থী। প্রত্যন্ত অঞ্চলের এই শিক্ষা প্রতিষ্ঠানটিতে বর্তমানে ৬ষ্ঠ থেকে ১০ম শ্রেণি পর্যন্ত ৭৮০ শিক্ষার্থী রয়েছে। কয়েক বছর ধরে শ্রেণিকক্ষের সংকট চলছিল বিদ্যালয়টিতে। গত জানুয়ারি মাসের শেষ সপ্তাহে দুই কক্ষবিশিষ্ট একটি টিন ও কাঠের ঘর নির্মাণ করে কর্তৃপক্ষ। দু'মাস ওই ঘরে ক্লাস করছিল শিক্ষার্থীরা। গত ৫ মার্চ রাতে হঠাৎ ঝড়ে বিদ্যালয়ের ঘরটি বিধ্বস্ত হয়। শ্রেণি শিক্ষক রণজিৎ মণ্ডল বলেন, দ্রুত সমাধান না হলে কঠিন সমস্যায় পড়তে হবে। নবাবগঞ্জ উপজেলা মাধ্যমিক শিক্ষা কর্মকর্তা ফারুক আহমেদ বলেন, ইউএনওর মাধ্যমে বিষয়টি উচ্চপর্যায়ে জানানো হয়েছে। ইউএনও মো. শাকিল আহমেদ অবশ্য বলেন, বিষয়টি তার জানা নেই।

■ সমকাল